তোমরা মাথা মুণ্ডন করলে পুরোপুরি মুণ্ডন করবে অথবা পুরোপুরি ছেড়ে দিবে।

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বালকের মাথার কিছু অংশের চুল কামানো ও কিছু অংশের চুল না কামানো
দেখে তাদেরকে এরূপ করতে নিষেধ করলেন। তিনি বললেন, ”তোমরা মাথা মুণ্ডন করলে
পুরোপুরি মুণ্ডন করবে, না হয় পুরোপুরি ছেড়ে দিবে।” [সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বালকের মাথার কিছু অংশের চুল কামানো ও কিছু অংশের চুল না কামানো দেখে তাদেরকে দ্বিতীয়বার এরূপ করতে নিষেধ করলেন। তিনি তাদেরকে বললেন, ”তোমরা মাথা মুণ্ডন করলে পুরোপুরি মুণ্ডন করবে, না হয় পুরোপুরি ছেড়ে দিবে।”

http://www.sunnah.global/hadeeth/bn/show/8906